৮

দৈনিক বাংলা

তারিখ 06 NOV 1993
পৃষ্ঠা ৭ কলাম ৮

# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
ঢাকা।

# বিজ্ঞপ্তি

নং-৪৭/মাধ্য-পরি/৯৩/১১(৪০০০) তারিখ ঃ ১-১১-৯৩ ইং

এতদ্দ্বারা ঢাকা মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ডের আওতাধীন সকল বিদ্যালয় প্রধান এবং সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাইতেছে যে ১৯৯৪ সালের মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষা আগামী ২রা মে ১৯৯৪ ইং সোমবার হইতে শুরু হইবে।

উক্ত পরীক্ষার আবেদন ফরম এবং প্রয়োজনীয় ফিস অত্র বোর্ডে জমা দেওয়ার তারিখ ও ফিসের হার নিম্নে দেওয়া হইল।

(ক) বিভাগ উন্নয়নে ইচ্ছুক পরীক্ষার্থীর কেবলমাত্র ১৯৯৩ সালে যে বিদ্যালয় হইতে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট পরীক্ষায় অংশগ্রহণ করিয়া উত্তীর্ণ হইয়াছে সেই বিদ্যালয় প্রধানের নিকট ১৯৯৪ সালের পরীক্ষায় বিভাগ উন্নয়ন পরীক্ষার্থী হিসাবে অবতীর্ণ হওয়ার জন্য আবেদনের শেষ তারিখ : ২০-১১-৯৩ইং

(খ) নিয়মিত, অনিয়মিত ও প্রাইভেট পরীক্ষার্থীদের নির্বাচনী পরীক্ষা গ্রহণের শেষ তারিখ : ৩০-১১-৯৩ইং

(গ) সকল প্রকার পরীক্ষার্থীর আবেদন ফরম ও ফিস বিলম্ব ফি ছাড়া অত্র বোর্ডে জমা দেওয়ার শেষ তারিখ : ৩০-১২-৯৩ইং

(ঘ) পরীক্ষার্থী প্রতি ৪০'০০ টাকা হারে বিলম্ব ফিসহ সকল প্রকার পরীক্ষার্থীর আবেদন ফরম ও ফিস অত্র বোর্ডে জমা দেওয়ার শেষ তারিখ : ১৫-১-৯৪ইং

(ঙ) পরীক্ষার কেন্দ্র পরিবর্তনের নির্ধারিত ফরম ও ফিস অত্র বোর্ডে জমা দেওয়ার শেষ তারিখ : ২৮-২-৯৪ইং

২। (ক) ফি-এর হার ঃ

| | পরীক্ষার ফি প্রতি পত্র | ব্যবহারিক পরীক্ষার ফি প্রতি পত্র | /মার্ক সার্টিফিকেট ফি পরীক্ষার্থী প্রতি | অনিয়মিত ফি পরীক্ষার্থী প্রতি | অনুমতি ও তালিকাভুক্তি ফি পরীক্ষার্থী প্রতি | বার্ষিক ক্রীড়া এফিলিয়েশন ফি বিদ্যালয় প্রতি |
|---|---|---|---|---|---|---|
| নিয়মিত পরীক্ষার্থী | ৩৫'০০ | ২০'০০ | ৩০'০০ | X | X | ১০০'০০ |
| অনিয়মিত পরীক্ষার্থী | ৩৫'০০ | ২০'০০ | ৩০'০০ | ৭৫'০০ | X | |
| বিভাগ উন্নয়ন পরীক্ষার্থী | ৩৫'০০ | ২০'০০ | ৩০'০০ | X | ৯০'০০ | |
| প্রাইভেট পরীক্ষার্থী | ৩৫'০০ | ২০'০০ | ৩০'০০ | X | X | |

(খ) কেন্দ্র পরিবর্তন ফি (পরীক্ষার্থী প্রতি) ঃ

(১) অত্র বোর্ডের আওতাধীন এলাকার মধ্যে ঃ ২০০'০০
(২) আন্তঃ বোর্ড কেন্দ্র পরিবর্তন ঃ ৪০০'০০
(৩) বিদেশে ঃ ১০০০'০০

অত্র বোর্ডে জমা দিতে হইবে।

(গ) কেন্দ্র ফি (নিয়মিত/অনিয়মিত/বিভাগ উন্নয়ন/প্রাইভেট) ঃ

(১) ব্যবহারিক পত্রবিহীন পরীক্ষার্থীর কেন্দ্র ফি (পরীক্ষা প্রতি) ঃ ৬০'০০ টাকা

(২) ব্যবহারিক পত্র বিশিষ্ট পরীক্ষার্থীর কেন্দ্র ফি (পরীক্ষার্থী প্রতি) ঃ ৭৫'০০ টাকা

(প্রফেসর মোঃ বয়েন উদ্দিন মিয়া)
পরীক্ষা নিয়ন্ত্রক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা।

ডিএফপি(স)-১৭৯৯৪-২/১১
ক-৬২১৮